



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট
ফেনী- ৩৯০০

Email : fenipoly69015@gmail.com, Web : www.feni.polytech.gov.bd

**১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বের সকল নিয়মিত শিক্ষার্থীদের
উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদানের বিজ্ঞপ্তি**

অত্র ইনস্টিটিউটে বর্তমানে ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বের সকল নিয়মিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের জুলাই-ডিসেম্বর, ২০২৪ সনের উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমের 'কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদান নির্দেশিকা', ২০২৩ এর আলোকে নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রয়োজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট করার কাজে নিম্নে উল্লিখিত তথ্য স্ব-স্ব টেকনোলজির বিভাগীয় প্রধানের নিকট জমা প্রদানের জন্য নির্দেশ দেওয়া হলো।

নির্দেশিকা :

- ১। SAF বৃত্তির ফরম (বৃত্তির ফরম ডাউনলোড করার লিংক- www.fenipolytech.gov.bd)
- ২। বিগত পর্বের ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্বের ফলাফলের কপি SAF বৃত্তির ফরমের সাথে জমা দিতে হবে।
- ৩। শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজিতে ডিজিটাল ভেরিফাইড জন্ম নিবন্ধন সনদের ফটোকপি SAF বৃত্তির ফরমের সাথে জমা দিতে হবে।
- ৪। পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয় পত্র ভেরিফাইড ফটোকপি SAF বৃত্তির ফরমের সাথে জমা দিতে হবে।
- ৫। মোবাইল ফাইন্যান্স অ্যাকাউন্ট নম্বর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র দ্বারা নিবন্ধিত SAF বৃত্তির ফরমের সাথে জমা দিতে হবে।
- ৬। অভিভাবকের মাসিক আয় (সরকারি চাকুরীজীবীদের ক্ষেত্রে iBAS++ এর স্যালারী সিট এর অনুলিপি, বেসরকারি চাকুরীজীবীদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র এবং অন্যান্যদের ক্ষেত্রে ওয়ার্ড বা ইউনিয়ন কাউন্সিলদের নিকট থেকে আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র) SAF বৃত্তির ফরমের সাথে জমা দিতে হবে।
- ৭। যারা ইতোপূর্বে উপবৃত্তি পেয়েছে তাদেরও উপবৃত্তির ফরমে "এই ফর্মের সকল তথ্য আমার দ্বারা পূরণ করা হয়েছে এবং পূরণকৃত তথ্য সঠিক আছে" মর্মে প্রত্যয়নপত্র SAF বৃত্তির ফরমের সাথে জমা দিতে হবে।

বর্ণিত সকল তথ্যাদি আগামী ১৬/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় প্রধানের নিকট জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-

(শেখ মুস্তাফিজুর রহমান)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট
ফেনী।

তারিখ : ১১/০৩/২০২৫ খ্রি.

স্মারক নং- ৫৭.০৩.৩০০০.৬৯০১৫.০৩.২৪- ৬৪৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
- ২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, রামমালা, কুমিল্লা-৩৫০০।
- ৩। চিফ ইন্সট্রাক্টর ও বিভাগীয় প্রধান- ইটি/সিএমটি/আর্ক/এমটি/সিটি/পিটি/নন-টেক), অত্র ইনস্টিটিউট। (আপনার বিভাগের সকল শিক্ষার্থীদের সহযোগিতা করার জন্য বলা হলো)।
- ৪। ফোকাল পার্সন, উপবৃত্তির সেল, অত্র ইনস্টিটিউট।
- ৫। নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট।
- ৬। নথি।

(শেখ মুস্তাফিজুর রহমান)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট
ফেনী।